

টাকাই যোগ্যতা
শ্রীনগরে স্কুল টেস্টে ফেল
করা শিক্ষার্থীরাও দিতে
যাচ্ছে এসএসসি পরীক্ষা

■ মুলীগঞ্জ/শ্রীনগর প্রতিনিধি
জেসার শ্রীনগর উপজেলার বোলঘর
একেএইচকে উচ্চ বিদ্যালয়ে
এসএসসি ফরম পূরণে অতিরিক্ত ফি
আদায়ের অভিযোগ পাওয়া গেছে।
এদিকে বিদ্যালয়ের টেস্ট পরীক্ষায় ৬৬
শিক্ষার্থী সর্ববিষয়ে পাস করেছে। এ
৬৬ শিক্ষার্থীর কাছ থেকে বোর্ড
নির্ধারিত এক হাজার ১৫০ টাকার স্থলে
এসএসসির ফরম পূরণ বাবদ ৪ হাজার
৭০০ টাকা করে আদায় করা হয়েছে।

বিদ্যালয়ের টেস্ট পরীক্ষায় এক
থেকে একাধিক বিষয়ে ফেল করেও
টাকার বিনিময়ে এসএসসি পরীক্ষায়
অংশ নিতে যাচ্ছে বার্ষিক ১৪৯ শিক্ষার্থী।
তাদের মধ্যে সব বিষয়ে ফেল করেছে
এমন শিক্ষার্থীও রয়েছে ডজনখানেক।
টেস্ট পরীক্ষায় ফেল করা শিক্ষার্থীদের
প্রত্যেকের কাছ থেকে এসএসসির
ফরম পূরণ বাবদ ৬ হাজার টাকা করে
আদায় করে বিদ্যালয় কর্তৃপক্ষ।

বোলঘর একেএইচকে উচ্চ
বিদ্যালয়ের প্রধান শিক্ষক তৌফিক
রহমান বলেন, উন্নয়ন ও কোর্সিং
বাবদ সব শিক্ষার্থী